## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২, দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২, টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরে সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হ

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়



৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২১শে জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৫ ইংরাজী 4th June, 1958 { ৩য় সংখ্যা

১৪ই জ্যৈষ্ঠ ১৮৮০ শকাব্দ






মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

### আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিও

অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২১শে জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৫ সাল।

# দৃষ্টান্ত ও সিদ্ধান্ত

উদাহরণ দিয়া সম্যক অর্থাৎ হুবহু যা দেখিয়ে দেওয়া যায় তার নাম দৃষ্টান্ত। সাক্ষ্য প্রমাণ দিয়া যা মীমাংসা দ্বারা বুঝিয়ে দেওয়া যায় তার নাম সিদ্ধান্ত।

যদি কোন মাতালকে তার মত্ত অবস্থায় কথিত কোন অকথ্য কথার বিষয় বলা যায়, সে তা অস্বীকার করিতেও পারে, কিন্তু যগুপি তার কথাগুলি গ্রামোফোনের রেকর্ডের মত রেকর্ড করিয়া রাখা যায় এবং মাতালের জ্ঞান হইলে পর সেই রেকর্ড যন্ত্রে দিয়া তাহাকে শোনান যায়, এ যে তাহার কথা নয় বলিয়া সে অস্বীকার করিতে পারে না। অজ্ঞানে যা বলিয়াছে তা যখন জ্ঞানে শুনিবে তখন খুব লজ্জিত হইবেই। মাতালের মত্ত অবস্থায় কথিত কথাগুলি রেকর্ডে ধরিয়া রাখে জাপানের পুলিশ। মাতালের জ্ঞান হইলে তাহাকেই শুনাইয়া লজ্জা দেয়।

আমাদের এই ভায়তে যখন মান্যগণ্য প্রধান প্রধান দিক্‌পালগণ বাহাদুরী দেখাইয়া বচনের তুবড়ী ছুটান, কিন্তু বাক্যাড়ম্বরই সার, কাজে তার এক কড়াও করিতে পারেন না, এই সব বচনবাগীশদের কথাগুলি যদি রেকর্ড করিয়া তাঁহার কাজের সহিত উপদেশের অসামঞ্জস্য চোকে আঙুল দিয়ে দেখিয়ে দেওয়া যায়, তবে যদি "মুখেন মারিতং জগৎ" অভ্যাসটী তাঁদের ঘুচলেও ঘুচতে পারে। নিজে ভুল উপদেশ দেয়, তার উপদেশের কাজ যখন বিফল হয়, তখন আর জবাব থাকে না।

এক বৃদ্ধ ডাকাতের সর্দ্দার নিজের ছয় ছেলে ও অনেকগুলি শাগরেদ নিয়ে লুণ্ঠন ব্যবসা চালাইত। সবকে বুঝাইত—দেখ্, আমি ডাকাইতি করিতে যাবার আগে যে কালী-মায়ের আরাধনা করি এই ভক্তি আমাকে আধ্যাত্মিক শক্তি দান করে, তাই ধরা পড়ি না। মায়ের দয়াই আমার বল বুদ্ধি সব। কত মামলায় পুলিশকে বেকুব বানিয়ে বে-কসুর খালাস হয়েছি—তাতো তোরা সকলেই দেখেছিস্। সরদার এবার সবকে নিয়ে একটা বড় ডাকাতি করে বহু টাকার মাল পেয়েছে। তার মতলব—ছয় ছয়টা ছেলে আর সে মোট সাত জন, আর সব ডাকাত একা একা; ওরা আমার সঙ্গে যুঝে পারবে না।

যখন শাগরেদরা সরদারের কাছে এসে মাল ভাগ করার জন্য অনুরোধ করে, তখন বুড়ো নানা ওজর করে। কখন বলে এখনও পুলিশ গোয়েন্দা ফিরছে। সব চুপচাপ হ'য়ে আবহাওয়া ঠাণ্ডা হোক, তখন যার যা ন্যায্য অংশ তাকে দিয়ে দিব। ছটফট্ করিস্‌নে। "সবুরে মেওয়া ফলে" এটা মহাপুরুষের কথা। সব শাগরেদ বুড়োর কাছে ঘুরে ঘুরে বিরক্ত হ'য়ে উঠলো। ক্যাবলা বাগদী একদিন মনে মনে বুদ্ধি আঁটলো। বুড়োকে মা-কালীর আদেশ দিয়ে জব্দ ক'রে ভাগ নিতে হবে।

বৃদ্ধের এক ছেলে বাবাকে বল্লে—দেখ শাস্ত্রে বলে—বিশ্বাসঘাতকের মত পাপী নাই। ওরা আমাদের বিশ্বাস ক'রে মাল রেখেছে। সব ডেকে ভাগ ক'রে দিলেই হয়। বুড়ো সরদার ছেলের মুখে শাস্ত্রের নাম শু-নে সব ছেলেকে ডেকে নিজের পা ছুঁইয়ে প্রতিজ্ঞা করালে—পিতৃ-আজ্ঞা শাস্ত্র চেয়ে কম নয়। আমার আদেশ—তোরা যেখানে শাস্ত্র পাঠ হবে সেখানে যাবিনে—শাস্ত্রের কথা যেন কানে না যায়।

একদিন সেই, যে ছেলে শাস্ত্রের কথা বলেছিল—এক রাস্তা দিয়ে আসছে। পথের মধ্যে হিন্দুস্থানীদের রামায়ণ পাঠ আরম্ভ হ'য়েছে। রামায়ণের কথা কানে গেলে পিতৃ-আজ্ঞা লঙ্ঘন করা হবে। সেই ভয়ে সে কানে আঙ্গুল দিয়ে ছুটে আসতে আসতে পা পিছলে পড়ে গিয়ে এক কানের আঙ্গুল একটু ফস্‌কে গিয়ে তার কানে পাঠক পণ্ডিতজীর "দেওতাকো ছায়া নেহি" হঠাৎ "দেবতার ছায়াহীন দেহ" এই বাক্যটি প্রবেশ করলো। সরদারের ছেলে বাড়ী এসে পিতার পায়ে পড়ে কাতরস্বরে বল্লে—বাবা, আজ দৈবাৎ শাস্ত্রের কথা কানে গিয়াছে। বৃদ্ধ সরদার জিজ্ঞাসা করলে—কি কথা শুনেছিস্ বল্‌তো।

ছেলে—দেওতাকো ছায়া নেহি।

বাবা—ওতে কিছু অপরাধ হবে না। দেবতার ছায়া থাক আর নাই থাক ওতে আমার পেশার কোন ক্ষতি হবে না। যা, মনে দুঃখু করিস্‌নে।

সেই রাত্রেই শাগরেদ ক্যাবলা বাগদী কালীর মুখোস মাথায় প'রে, সরদার যে বারান্দায় ঘুমাচ্ছে, তার মাথার দিকে ব'সে—বলে উঠলো দেখ সরদার আমার সাধনা ক'রে—যে অর্থ পেয়েছিস্ তা যদি অন্য সবকে ভাগ না দিস্ তবে তোর ছয় বেটাকে একদিনে বিনাশ করবো। সরদার হাত দুটি জোড় করে বল্লে—মা কালই আমি সবকে ডেকে ভাগ দিব। যখন কালীমূর্ত্তি ক্যাবলা উঠোনে নেমেছে, জোছনা রাত্রে তার ছায়া পড়েছে। আজই সরদার তার ছেলের কাছে শুনেছে—দেবতার ছায়া নাই। তখন বুড়ো তাড়াতাড়ি মা-কালীর পিছু ধাওয়া ক'রে তাকে ধ'রে ছেলেদের ডাকলো—তারা কালীর মুখোস খুলে দেখলো—ক্যাবলা বাগদী। ওকে উত্তম মধ্যম দিয়ে বিদায় করলো। তখন সরদার সব ছেলেকে বললে—দেখ শাস্ত্র মানতে হবে। শাস্ত্রের কথায় আজ প্রায় লক্ষ টাকা বেঁচে গেল। তখন ওরা [illegible] পাঠও করে ডাকাতিও করে।

(১)

এটা তো গল্প। দিন দশেক আগে বীরভূম জেলার [illegible] ষ্টেশন সিউড়িতে স্কুল বোর্ড অফিসে যা হয়েছে শুনলে শিউরে উঠবেন।

[illegible] বেলা দেড়টার সময় স্কুল বোর্ডের সাবইন্‌স্পেক্টর শ্রীপার্থকুমার চ্যাটার্জি অফিসের বিশ্রাম কক্ষে বিশ্রাম করিতে যান। কক্ষের দরজা খুলিয়া তিনি (লিখতে কলম কেঁপে উঠছে) বোর্ডের লোকান্তরিত ভাইস্ চেয়ারম্যান ৺অমিয়কুমার বন্দোপাধ্যায়কে পাঠরত অবস্থায় দেখিতে পান। তৎপর পার্থকুমার বাবুর পতন ও মূর্চ্ছা। পতনের শব্দে অন্যান্য কয়েকজন ছুটিয়া আসিয়া তাঁহার জ্ঞান সঞ্চার হইলে তাঁহার মুখে সব শুনিয়া অবাক। পার্থকুমার বাবু বর্ত্তমানে সিউড়ী হাসপাতালে রহিয়াছেন।

(২)

দিন পাঁচেক আগে পান্ধারপুর সর্ব্বোদয় সম্মেলনে ২৫০০০ প্রতিনিধি ও দর্শকের সম্মুখে আচার্য্য বিনোবাভাবে "আধ্যাত্মিক শক্তিই ভারতের প্রকৃত শক্তি" সম্বন্ধে যে ভাষণ দেন তাহাও অচিন্ত্যপূর্ব্ব। আচার্য্য ভাবে বলেন। "বিঠোবা মন্দিরের ট্রাষ্টিগণ আমাকে মন্দির দর্শনে আমন্ত্রণ জানান। আমার সঙ্গী মুসলমান মহিলা এবং জার্মান তরুণীকে মন্দির প্রবেশে অনুমতি দেন। এজন্য তাঁহারা আমাকে লিখিত অনুমতি দিয়াছিলেন। আমি ঐকান্তিক নিষ্ঠা লইয়া মন্দিরে প্রবেশ করি এবং তুকারাম, তুলসী দাস, চৈতন্য মহাপ্রভু এবং অন্যান্য সাধু সন্তদিগের উপস্থিতি অনুভব করি। মন্দিরে আমি আমার পরলোকগত মাতা, পিতা এবং গান্ধীজীর আত্মাও দেখি।"

মন্দিরের পুরোহিতগণ মহিলাদ্বয়কে বিগ্রহ স্পর্শ করিতে বলেন। তাঁহাদের স্পর্শে মন্দিরের দেবতা শিহরিয়া উঠিয়াছিলেন।

## উপসংহ[illegible]রে সংহার

আধ্যাত্মিক শক্তি[illegible]সম্পন্ন মহাপুরুষের শক্তি বড় বড় প্রতিভাসম্পন্ন ব্যক্তিকেও হতভম্ব করিয়া দেয়। সর্ব্বোদয় সম্মেলনের [illegible]লা জুনের সভায় রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদকে [illegible]র্শন এবং তাঁর কথা শুনিবার জন্য মণ্ডপের বাহিরে কতকগুলি লোক সামান্য কোলাহল করিতেছিল। আধ্যাত্ম শক্তিমান আচার্য্য দেব তখন বক্তৃতা করিতে করিতে বুঝাইতেছিলেন —কাজ অপেক্ষা কথা কিভাবে ব[illegible] এমন কি কাজ অপেক্ষা নীরবতাও কি ভাবে বড় হ[illegible] থাকে— এই বিষয় বুঝাইবার সময় বাহিরে সামা[illegible] হাঙ্গামা হয় তখন আচার্য্য দেব একবারে চুপ করিয়া [illegible]রবতা অবলম্বন করিলেন ফলে রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্রপ্র[illegible]াদ বোম্বাই প্রদেশের রাজ্যপাল শ্রীপ্রকাশ সহ প্রা[illegible] ২৫ হাজার শ্রোতা হতভম্ব হইয়া পড়েন।

---

## আট নয়া পয়সা দামের ডাক টিকিট

পশ্চিমবঙ্গ সরকারের পোষ্টমাষ্টার জেনারেল জানাইয়াছেন যে বুক পোষ্ট প্যাটার্ণ ও নমুনা প্যাকেট প্রেরণের জন্য ৮ নয়া পয়সা দামের ডাক টিকিট বাহির করা হইয়াছে।

## আহিরণে অগ্নিকাণ্ড

গত ১৫ই জ্যৈষ্ঠ বৃহস্পতিবার আহিরণ গ্রামের মুসলমান পল্লীতে আগুন লাগিয়া প্রায় ৬০ খানি ঘর পুড়িয়া গিয়াছে। জলাশয়ে জল না থাকায় আগুন নিভান সম্ভব হয় নাই। উক্ত পল্লীর অধিবাসিদের চরম দুর্দ্দশা হইয়াছে।

---

দিন কয়েক পূর্ব্বে সাগরদীঘি থানার অন্তর্গত খৈরাটী গ্রামের শ্রীশম্ভুনাথ কবিরাজ মহাশয়ের পুত্রের বিবাহ উপলক্ষে তাঁহার বাড়ীতে ডেলাইট জ্বলিতেছিল, হঠাৎ উহা ফাটিয়া গিয়া সমস্ত বাড়ী ও পার্শ্ববর্ত্তী ৪ খানি বাড়ী পুড়িয়া ভস্মীভূত হইয়াছে। কোন জিনিষই বাহির করিতে পারে নাই। তাঁহার বন্দুকটাও পুড়িয়া গিয়াছে। ইহাকেই বলে হরিষে বিষাদ।

---

## সরকারী বিজ্ঞপ্তি

১। লালবাগ, রাণীনগর ও কাতলামারী হইয়া বহরমপুর—নবীপুর, ২। রাণীনগর ও কাতলামারী হইয়া বহরমপুর—নবীপুর, ৩। লালবাগ, জিয়াগঞ্জ ও হরিরামপুরঘাট হইয়া বহরমপুর—দেবাইপুর এবং ৪। কুলি ও খারগ্রাম হইয়া কান্দী—জয়পুর রুট সমূহে বাস সার্ভিস পরিচালনায় পারমিটের জন্য আবেদনকারীদের একটি তালিকা বিশদ বিবরণ সহ মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন কর্ত্তৃপক্ষের নোটীশ বোর্ডে ও উক্ত জেলার দূরবর্ত্তী উপবিভাগীয় অফিস সমূহের নোটিশ বোর্ডে প্রদর্শনার্থে রাখা হইয়াছে। এ সম্পর্কে কাহারও কোন বক্তব্য থাকিলে তাহা এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবে। জনব্যবহার্য গাড়ীর পারমিটের জন্য এবং জনব্যবহার্য গাড়ী ও যাত্রিবাহী গাড়ীর পারমিটের পুনর্নবীকরণের জন্য আবেদনকারীদের একটি তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন কর্ত্তৃপক্ষের নোটিশ বোর্ডে এবং উক্ত জেলার দূরবর্ত্তী উপবিভাগীয় অফিস সমূহের নোটিশ বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এ সম্পর্কে কাহারও কোন বক্তব্য থাকিলে তাহা এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক গৃহীত হইবে। স্বাঃ—আর, এন, রায়, সচিব, আঞ্চলিক পরিবহন কর্ত্তৃপক্ষ, মুর্শিদাবাদ।

## ভীষণ অগ্নিকাণ্ড

গত ২রা জুন সোমবার বেলা আনুমানিক ৪ ঘটিকার সময় সাগরদীঘি থানার অধীন অনুপপুর গ্রামে হঠাৎ আগুন লাগিয়া প্রায় দেড় শত খানি ঘর পুড়িয়া গিয়াছে। কোন জিনিষপত্র বা বিচালী রক্ষা পাই নাই। ক্ষতির পরিমাণ জানা যায় নাই। এই ভীষণ অগ্নিকাণ্ডের ফলে গ্রামের লোকের দুর্দ্দশা চরমে পৌছিয়াছে।

---

## দু কান কাটা

সহযোগী "পরিক্রমা"য় প্রকাশ রামনগর বাছড়া ই উ নি য় নে র বাবু ঘোষ রাত্রিতে পরের জমিতে মহিষ ছাড়িয়া দিয়া ঘুমাইতেছিল। তাহারই এক নিকটতম আত্মীয় তাহার জমিতে মহিষ চরিতে দেখিয়া জমির নিকটে নিদ্রামগ্ন বাবু ঘোষের দুইটি কান কাটিয়া লইয়া যায়।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
### নিলামের দিন ১৬ই জুন ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

১৩৯ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং ছেদু মণ্ডল দিং দাবি ২৬৩ টাকা ৬৫ নঃ পঃ থানা ফরক্কা মৌজে দাওনাপুর ৩২/৩॥০ জমির কাত ৪১৶৯ আঃ ১০৲

১৭১ খাং ডিঃ শ্যামাপদ চৌধুরী দেং বাবুলাল ঘোষ দিং দাবি ৩৪ টাকা ৬১ নঃ পঃ থানা ফরক্কা মৌজে কুলী ॥১৮/০ কাঠা জমির কাত ৫৮/৬ আঃ ১১৲ খং ১১৭

১৭২ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩১ টাকা ৪০ নঃ পঃ মৌজাদি ঐ ॥০ কাঠা জমির কাত ৫৲ আঃ ১০৲ খং ১১৭ স্বত্ব কোর্ফা

১৩৮ খাং ডিঃ মনোরঞ্জন সেন দিং দেং শ্যামাপদ মণ্ডল দাবি ১৮ টাকা ৩৩ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে চোরদীঘি ॥০॥ কাঠা জমির কাত ১৶৯ আঃ ১০৲ খং ২

১৯৫৮ সালের ডিক্রীজারী

৭ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং ভেলু বিশ্বাস দাবি ৩০ টাকা ৩৪ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে বৈষ্ণনাথপুর ১২/ বিঘা জমির কাত ১২৲ আঃ ১৫৲





বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

# আমলা কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-18



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৫১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, বনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, হুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন। আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ব্যবহার আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷৹ টাকা ও ডাকমাশুলাদি ১৶৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )

ড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত